

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ  
আমার বাড়ি আমার খামার প্রকল্প  
প্রশাসন ও সমন্বয় শাখা

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০১০.১৯.১৪৪

তারিখ: ১২ বৈশাখ ১৪২৬

২৫ এপ্রিল ২০১৯

বিষয়: প্রকল্পের চাকুরি হতে সাময়িক বরখাস্তকরণ প্রসঙ্গে।

জনাব সাইদুর রহমান, মাঠসহকারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প ভূঞাপুর, টাঙ্গাইল-কে গত ২৪.০৪.২০১৮ তারিখ প্রকল্প সদর দপ্তর হতে ৫৯৭১ সংখ্যক স্মারকে প্রকল্পের কাজে শৈথিল্যতা প্রদর্শন, বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতসহ নানবিধ অভিযোগের প্রেক্ষিতে কৈফিয়ত তলব করা হয়। কিন্তু তিনি সময়মত কৈফিয়ত তলবের জবাব প্রদান করেননি এবং গত ২১.১০.২০১৮ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। এছাড়া গত ০৫.০৩.২০১৯ তারিখে তিনি সদস্যদের স্বাক্ষর জাল করে ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন ঋণের ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা আত্মসাৎ করেন। পরবর্তীতে আত্মসাৎকৃত উক্ত টাকা তার নিকট হতে আদায় করা হয় মর্মে উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর, টাঙ্গাইল প্রকল্প সদর দপ্তরকে লিখিতভাবে অবহিত করেছেন।

২. বর্ণিত বিষয়টি অত্যন্ত হতাশাজনক, গুরুতর অসদাচারণ, আর্থিক অনিয়ম এবং দুর্নীতির শামিল। এহেন অবস্থায় তাকে চাকুরিতে রাখা সমীচীন নয় মর্মে প্রকল্প কর্তৃপক্ষ মনে করে। এ প্রেক্ষিতে তাকে প্রকল্পের চাকুরি হতে সাময়িক বরখাস্ত করে উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর, টাঙ্গাইল এর কার্যালয়ে সংযুক্ত করা হলো।

৩. এমতাবস্থায়, কেন তাকে চুক্তিভিত্তিক নিয়োগপত্রের শর্তানুযায়ী ০১ (এক) মাসের নোটিশ প্রদান করে প্রকল্পের চাকুরি হতে স্থায়ীভাবে অব্যাহতি প্রদান করা হবে না, তার ব্যাখ্যা আগামী ১০(দশ) কার্য দিবসের মধ্যে উপজেলা সমন্বয়কারী ও উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

২৫-৪-২০১৯

আকবর হোসেন

প্রকল্প পরিচালক

ফোন: ৯৩৫৯০৮৩

ফ্যাক্স: ৯৩৪৮২০৬

ইমেইল: [headoffice@ebek-](mailto:headoffice@ebek-)

[rdcd.gov.bd](mailto:rdcd.gov.bd)

জনাব সাইদুর রহমান, মাঠসহকারী  
ভূঞাপুর, টাঙ্গাইল।

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০১০.১৯.১৪৪/১

তারিখ: ১২ বৈশাখ ১৪২৬

২৫ এপ্রিল ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ৭১-৭২, ইন্সটান গার্ডেন, ঢাকা-১০০০।
- ২) জেলা প্রশাসক, টাঙ্গাইল।
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর, টাঙ্গাইল।
- ৪) প্রোগ্রামার, আমার বাড়ি আমার খামার প্রকল্প, (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৫) জেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, টাঙ্গাইল।
- ৬) উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ভূঞাপুর, টাঙ্গাইল।
- ৭) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ভূঞাপুর, টাঙ্গাইল।

৮) উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, ভূঞাপুর, টাঙ্গাইল।



২৫-৪-২০১৯

আকবর হোসেন  
প্রকল্প পরিচালক